তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র
12
তারিখ ... 20 AUG 1989 ...
পৃষ্ঠা .. 6 ... কলাম .. 2 ...

দৈনিক খবর



পথকলি ট্রাস্টের অনুমোদিত মনোগ্রাম

# পথকলি ট্রাস্টের মনোগ্রাম অনুমোদন

রাষ্ট্রপতি এরশাদ গতকাল শনিবার তাঁর দফতরে পথকলি ট্রাস্টের মনোগ্রাম অনুমোদন করেন। শিল্পী জি এম এ রাজ্জাক অংকিত এই মনোগ্রামে একজন কর্মরত শিশুর চিত্র রয়েছে যা একটি ফুলের কুঁড়ির মধ্যে স্থাপিত হয়েছে। কুঁড়িটির পার্শে রয়েছে একটি সাদা সীমানা যা এই শিশুকে রক্ষার জন্য ট্রাস্টের অংগীকারকে বুঝায়। এর নীচে অর্ধ বৃত্তাকারে রয়েছে বাংলায় ''পথকলি ট্রাস্ট" কথাটি লেখা। এ সময় শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম উপস্থিত ছিলেন। খবরতথ্যবিবরণী'র।

মনোগ্রাম অনুমোদনকালে রাষ্ট্রপতি এরশাদ পথকলি ট্রাস্টের কার্যাবলীকে আরও বিস্তৃত করার নির্দেশ প্রদান করেন। তিনি বলেন, এই ট্রাস্টকে ভাগ্যহত শিশু পথকলিদের কল্যাণে কার্যকর ও সক্রিয় ভূমিকা গ্রহণ করতে হবে এবং তাদের ভাগ্যের পরিবর্তনে সর্বাত্মক সহায়তা প্রদান করতে হবে।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম রাষ্ট্রপতিকে ট্রাস্টের কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে বলেন, পথকলি ট্রাস্ট গঠন রাষ্ট্রপতির একটি মহান পদক্ষেপ যা এ দেশের অগণিত শিশুদের সম্মুখে সূর্য সম্ভাবনার নতুন দ্বার উন্মুক্ত করবে। তিনি ট্রাস্টে অনুদান প্রদানের জন্য সর্বস্তরের জনগণের মাঝে বিপুল সাড়ার কথা রাষ্ট্রপতিকে অবহিত করেন।